

## ৭। মাতৃত্ব, প্রসব, গর্ভনিরোধ

ইতালিতে গর্ভাবস্থায় থাকা কোন বিদেশী নাগরিককে এমনকি অবৈধভাবে অবস্থানকারী হলেও সন্তানের জন্মের ৬ মাস পর পর্যন্ত বহিষ্কার করা যাবে না। পুলিশ সদর দফতর থেকে গর্ভবতী মহিলাকে চিকিৎসার জন্য পেরমেসসো দি সোজ্জর্ন দেওয়া হয়।

---

ইতালিতে, গর্ভাবস্থার জন্য ভিজিট এবং চিকিৎসা সমস্ত মহিলাদের জন্য বিনামূল্যে (আপনাকে টিকিটের অর্থ প্রদান করতে হবে না)। বিদেশী মহিলা যাদের নিয়মিত পেরমেসসো দি সোজ্জর্ন নেই, তারাও সমস্ত পরিষেবা বিনামূল্যে পাওয়ার অধিকার রাখেন।

ইউরোপীয়ান ইউনিয়ন বহির্ভূত দেশের যেসব নাগরিকের কাজের জন্য অথবা কাজের অনুমোদনের জন্য একক পেরমেসসো দি সোজ্জর্ন CE রয়েছে, দীর্ঘসময় ধরে বসবাসকারীদের জন্য পেরমেসসো দি সোজ্জর্ন CE (পূর্বের কার্তা দি সোজ্জর্ন বলা হতো)। সুসসিদিয়ারিয়া সুরক্ষার (Protezione Sussidiaria) জন্য অথবা রাজনৈতিক শরণার্থী হিসেবে সুরক্ষার জন্য পেরমেসসো দি সোজ্জর্ন রয়েছে এবং এসব পেরমেসসো দি সোজ্জর্ন মেয়াদসম্পন্ন, তারা পৌরসভা বা কমুনে থেকে মাতৃত্বকালীন ভাতা পাওয়ার অধিকারী।

পেরমেসসো দি সোজ্জর্ন CE ইস্যু করার অপেক্ষায় থাকা সমস্ত বিদেশী নাগরিকদের অবশ্যই সন্তানের জন্মের ছয় মাসের মধ্যে স্থানীয় পৌরসভায় মাতৃত্বকালীন ভাতার জন্য একটি আবেদন জমা দিতে হবে, তার সাথে সোজ্জর্নের জন্য আবেদনের প্রমাণ স্বরূপ রিচেভুতা বা রসিদটি সংযুক্ত করতে হবে।

এমনকি যেসব ইইউ-এর বহির্ভূত নাগরিকদের ইইউ এর দেশের (অথবা ইতালিয়ান) পরিবারের সদস্য হিসাবে পাঁচ বছরের কার্তা দি সোজ্জর্ন রয়েছে, তাহলে তাদের পাশাপাশি যেসব নাগরিকদের স্থায়ী কার্তা দি সোজ্জর্ন রয়েছে এবং তাদের পরিবারের কোন সদস্যের যদি ইইউ অন্তর্ভুক্ত দেশের নাগরিকত্ব নাও থাকে, তাহলেও তারা মাতৃত্ব কালীন ভাতা পাওয়ার অধিকার রাখে। "পরিবারের সদস্য" দ্বারা আমরা বুঝিয়েছি পার্টনার, ২১ বছরের কম বয়সী সরাসরি বংশধর অথবা পার্টনারের উপর নির্ভরশীল পূর্বসূরী।

ইতালীয় আইন (আইন 194) অনুসারে, গর্ভধারণের ৯০ দিনের মধ্যে যে কোনও ক্ষেত্রে গর্ভধারণ বন্ধ করা যেতে পারে।

৯০ দিন পরে, তবে, শুধুমাত্র যদি গর্ভবতী মায়ের জীবনের গুরুতর ঝুঁকি থাকে (গর্ভধারণের কারণে) বা জন্ম নেওয়া শিশুটি গুরুতরভাবে বিকলাঙ্গ হলেই গর্ভাবস্থা বন্ধ করা হয়।

গর্ভাবস্থার স্বচ্ছায় সমাপ্তির জন্য, ডাক্তার বা পরামর্শদাতাদের সাথে যোগাযোগ করা প্রয়োজন।

---

## পরামর্শক কেন্দ্র

পরামর্শক কেন্দ্র হচ্ছে মহিলা, শিশু এবং পরিবারের স্বাস্থ্য ও জীবনমানের সুরক্ষার জন্য একটি পরিষেবা যা নিম্নলিখিত বিষয়গুলিতে বিনামূল্যে এবং সরাসরি অ্যাক্সেস সহ, চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়াই গ্রহণ করা, সহায়তা এবং চিকিৎসার সমন্বিত কার্যক্রমের সুবিধা দেয় :

- দায়িত্বশীল প্রজনন, বিনামূল্যে গর্ভনিরোধ গ্রহণ করার কর্মসূচীসহ;
- জন্মদান কর্মসূচী (গর্ভ পূর্ববর্তী কাউন্সেলিং, গর্ভাবস্থা, সন্তান প্রসবের সমাপ্তি এবং মহিলাদের জনন অঙ্গের স্বাভাবিক অবস্থায় ফিরে আসার মধ্যবর্তী সময়কাল।);
- বন্ধ্যাস্থ এবং জন্মগত অসুবিধা (১ম স্তর);
- স্বেচ্ছায় গর্ভাবস্থার সমাপ্তি;
- জরায়ুমুখের ক্যান্সার প্রতিরোধ
- যৌনবাহিত রোগ প্রতিরোধ;
- মেনোপজ কর্মসূচী
- প্রাকৃতিক, পালিত এবং দত্তক অভিভাবকত্বের জন্য সমর্থন;
- কঠিন পারিবারিক সম্পর্ক, দাম্পত্য সমস্যা, মানসিক অসুবিধা;
- সেপারেশন এবং বিবাহবিচ্ছেদের ক্ষেত্রে পারিবারিক মধ্যস্থতা;
- সহিংসতা এবং দুর্য্যবহার এর ক্ষেত্রে অনলাইন কর্মসূচী সক্রিয় করা।

যারা সেখানে কাজ করে

- ধাত্রী
- স্ত্রীরোগ বিশেষজ্ঞ
- মনোবিজ্ঞানী
- সমাজ সেবী

কিভাবে অ্যাক্সেস করবেন

- পরামর্শক কেন্দ্রে যাওয়ার মাধ্যমে
- ফোনে / ই-মেইলের মাধ্যমে
- CUP এর মাধ্যমে এপয়েন্টমেন্ট নিয়ে

**ক্লোরেন্সে** জাতীয় স্বাস্থ্য পরিষেবা বা SSN এ নিবন্ধনকৃত অথবা নিবন্ধন ছাড়া (যাদের STP অথবা ENI রয়েছে) বিদেশী মহিলা এবং শিশুদের জন্য নিবেদিত **অভিবাসী পরামর্শদাতারা** রয়েছে এবং সাথে সাংস্কৃতিক মধ্যস্থতাকারীদের সাহায্য নেওয়ার ও সুযোগ আছে। অভিবাসী পরামর্শদাতাদের কাছে পেরমেসসো দি সোজ্জর্ন না থাকলেও যেতে পারবেন।

( STP কার্ড নিয়ে )

ক্লোরেন্সে পরামর্শক কেন্দ্রগুলির ঠিকানার এই লিঙ্কে রয়েছে :

<https://www.uslcentro.toscana.it/index.php/consultorio>

এ ক্লিক করুন

**পরামর্শক কেন্দ্রে যাওয়ার জন্য নিম্নলিখিত ডকুমেন্টগুলো প্রয়োজন হবে :**

গর্ভবতী মহিলা এবং নবজাতক শিশুদের সহায়তা সমস্ত মহিলাদের জন্য বিনামূল্যে,ইতালীয় এবং বিদেশী, যাদের নিয়মিত পেরমেসসো দি সোজ্জর্ন আছে অথবা কোন ডকুমেন্ট নেই।

যেসব বিদেশী নাগরিকদের নিয়মিত পেরমেসসো দি সোজ্জর্ন আছে, তাদের জাতীয় স্বাস্থ্য পরিষেবাতে (SSN) নিবন্ধনের অধিকার আছে।

যেসব নন-ইইউ নাগরিকদের পেরমেসসো দি সোজ্জর্ন নেই, তাদের গর্ভাবস্থা, প্রসব সংক্রান্ত সমস্ত পরীক্ষা নিরীক্ষা এবং বিশেষজ্ঞ ডাক্তারের পরিষেবার জন্য টিকিটের অর্থ প্রদান না করার অধিকার আছে।

তবে STP কার্ডের জন্য আবেদন করা প্রয়োজন (STP অর্থ অস্থায়ীভাবে উপস্থিত বিদেশী )

পরামর্শক কেন্দ্র সম্পর্কে আরও তথ্যের জন্য

<https://icare.sanita.toscana.it/it/>